



আইআইইউসি আইন অনুষদের ৩৩ তম ব্যাচের ছাত্রদের বিদায় অনুষ্ঠান

আইআইইউসি আইন বিভাগের বিদায় অনুষ্ঠান

আইআইইউসি আইন বিভাগের ৩৩ তম ব্যাচের বিদায় অনুষ্ঠান গত ১৮ মে নগরীর একটি রেস্টুরেন্টে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি আইন অনুষদের একাডেমিক অ্যাডভাইজর মোরশেদ মাহমুদ খান। তিনি বলেন আইআইইউসির আইনের গ্রাজুয়েটবন্দ সুনামের সাথে দেশে এবং বিদেশে রাষ্ট্রের বিভিন্ন পদে অধিষ্ঠিত হয়ে দেশ ও জাতির সেবায় নিয়োজিত। ন্যায়বিচার নিশ্চিত করার একমাত্র প্রতিষ্ঠান তথা বিচারবিভাগে নিয়োজিত ব্যক্তির সর্বোপরি তাদের বিবেকের কাছেই সবচেয়ে বেশি দায়বদ্ধ থাকে সেহেতু তাদের মধ্যে কোয়ালিটির অনন্য সম্বল অপরিসীম আইন বিভাগের চেয়ারম্যান মনজুর হোসেন পাটোয়ারীর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন সহকারী প্রক্টর অ্যাডভোকেট মো. নাছির উদ্দীন।

তিনি বলেন, আইআইইউসি প্রতিষ্ঠা লগ্ন থেকেই দক্ষ মানব সম্পদ সৃষ্টির মাধ্যমে দেশ ও জাতির সেবায় তথা জাতির জনক বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা প্রতিষ্ঠায় অগ্রণী ভূমিকা রেখে আসছে। বিদায়ী ছাত্রদের আগামী দিনের কাভারার ভূমিকায় অবতীর্ণ হওয়ার লক্ষ্যে যথাযথ জ্ঞান এবং প্রশিক্ষণের মাধ্যমে নিজেদের গড়ে তোলার আহ্বান জানান। এতে উপস্থিত ছিলেন আইন বিভাগের সিনিয়র শিক্ষক আব্দুল মালেক, মোহাম্মদ মহিউদ্দিন, কলিম উল্লাহ এবং খাব্বাদ তাকী। অনুষ্ঠান সম্বলনা করেন মাসুদুল আলম বিপ্লব। প্রেস বিজ্ঞপ্তি।

Ref: Dainik Azadi, Date: 21 May 2023, Page: 2, Col:3

<https://www.edainikazadi.net/index.php?page=1&date=2023-05-21>